দৈনিক
আমাদের সময়

তারিখ 15 MAY 2016
পৃষ্ঠা ১ কলাম ৮



# স্কুলমাঠে নলকূপের গর্তে পড়ে প্রাণ গেল শিশু শিক্ষার্থীর

গাজীপুর প্রতিনিধি ●

গাজীপুর সিটি করপোরেশনের সুকন্দিবাগ এলাকায় স্কুলমাঠে গভীর নলকূপের জন্য খোঁড়া হয়েছিল একটি কূপ। কাজ শেষে ভরাট না করে কূপটি বালি দিয়ে ঢেকে রাখা হয়েছিল। এভাবেই কেটে গেছে প্রায় ৮ মাস। কিন্তু গত দুই দিনের বৃষ্টিতে বালি নরম হয়ে কূপটি মরণফাঁদে পরিণত হয়। তা কি আর জানত শিশু শিক্ষার্থী এরপর পৃষ্ঠা ৭, কলাম ৬

## স্কুলমাঠে নলকূপের

(প্রথম পৃষ্ঠার পর) রোমানুর রহমান (৫) ও হাবিবুল ইসলাম সানি (৫)!

গতকাল শনিবার সকালে পরীক্ষা শেষে সহপাঠীদের সঙ্গে আগের মতোই স্কুল মাঠে খেলছিল তারা। হঠাৎ করেই কূপে পড়ে যায় রোমানুর। তার ওপর পড়ে সানি। স্থানীয়রা ২৫ মিনিট চেষ্টা চালিয়ে দুই শিশুকে উদ্ধার করে। তবে এর মধ্যে রোমানুর চলে যায় না ফেরার দেশে। আশঙ্কাজনক অবস্থায় সানিকে টঙ্গী স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্র জানায়, সকালে সুকন্দিরবাগে স্কুল মাঠে ছাত্ররা খেলাধুলা করছিল। সকাল ১০টা ২৫ মিনিটে কূপটিতে রোমানুর ও সানি পড়ে যায়। পৌনে ১১টায় স্থানীয়রা তাদের উদ্ধার করে টঙ্গী স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক রোমানুরকে মৃত ঘোষণা করেন।

স্কুলটির শিক্ষক রুবেল শেখ বলেন, স্কুলের নবনির্মিত ভবনের সামনে সাত থেকে আট মাস আগে একটি গভীর নলকূপ বসানো হয়। কিন্তু পানি না ওঠায় তা তুলে গর্ত বালি দিয়ে ভরাট করে ফেলা হয়। তিনি জানান, গতকাল শনিবার সকালে পরীক্ষা দিয়ে বের হয়ে ভবনের সামনে খেলছিল শিশু দুটি। এ সময় ভেতরে পড়ে যায় রোমানুর ও সানি।

গাজীপুর ফায়ার সার্ভিসের উপ-সহকারী পরিচালক আক্তারুজ্জামান জানান, গভীর নলকূপ স্থাপনের জন্য যে কূপ খোঁড়া হয় তাকে সাবমারসিবল বলা হয়। ওই স্কুলটির মাঠে খোঁড়া সাবমারসিবলটি বালি দিয়ে ভরাট করে পরিত্যক্ত অবস্থায় রাখা হয়। এতে পড়ে গিয়ে এক শিশু নিহত ও অপরজন আহত হয় বলে জানান তিনি।